# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৯৪/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার, ৫ এপ্রিল ২০১৮, ২২ চৈত্র ১৪২৪**

১। নতুন প্রজন্মের জন্য বিশ্বমানের জ্ঞান নিশ্চিত করতে হবে : কুয়েটের সমাবর্তনে রাষ্ট্রপতি

২। মংলা বন্দরের কর্মকাণ্ডে গতিশীলতা আনতে হবে : প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে রাষ্ট্রপতি

৩। প্রত্যেক জেলায় এসএমই পরামর্শকেন্দ্র স্থাপন করা হবে : এসএমই মেলার উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৪। এসএমই খাতে অবদান রাখায় প্রধানমন্ত্রীর কাছ থেকে পুরস্কার পেলেন ৫ উদ্যোক্তা

৫। দলকে শক্তিশালী করতে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে : মহিলা শ্রমিক লীগের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৬। রোহিঙ্গাদের আশ্রয় দিয়ে মানবতার উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছে বাংলাদেশ :
স্পিকারের সাথে সাক্ষাৎকালে ইউএনএইচসিআর প্রতিনিধি

৭। মানসম্পন্ন ওষুধ উৎপাদনে সরকার কঠোর অবস্থানে : স্বাস্থ্যমন্ত্রী

৮। চলতি অর্থবছরের প্রথম নয় মাসে তৈরিপোশাক রপ্তানি বেড়েছে ৯ শতাংশ

৯। বাংলাদেশ প্রাথমিক স্বাস্থ্যসেবায় দক্ষিণ-পূর্ব এশিয়ায় শীর্ষস্থানীয়দের মধ্যে অন্যতম : বিশ্ব স্বাস্থ্য সংস্থা

১০। নৌ-নিরাপত্তা সপ্তাহ শুরু আজ

চলমান পাতা-২

১। **নতুন প্রজন্মের জন্য বিশ্বমানের জ্ঞান নিশ্চিত করতে হবে : কুয়েটের সমাবর্তনে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বিশ্বের নামকরা বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষা কার্যক্রম পর্যালোচনা করে নিজেদের জন্য যুগোপযোগী পাঠ্যক্রম এবং উন্নত পাঠদানের ব্যবস্থা করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষগুলোকে নির্দেশ দিয়েছেন। তিনি বলেন, শিক্ষার্থীরা যাতে বিশ্বমানের শিক্ষা ও তথ্যপ্রযুক্তিতে দক্ষ এবং নৈতিক মূল্যবোধসহ দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে একজন পরিপূর্ণ মানুষ হতে পারে সেটা নিশ্চিত করতে হবে। তিনি গতকাল (৪ এপ্রিল বুধবার) খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) সমাবর্তন বক্তৃতায় একথা বলেন। রাষ্ট্রপতি বলেন, সংশ্লিষ্ট ক্যাম্পাসগুলো সময়ের সাথে শিক্ষার গুণগত মানোন্নয়নে ব্যর্থ হলে তা যুগের চাহিদা পূরণে ব্যর্থ হবে। তিনি শিক্ষার সকল পর্যায়ে তথ্যপ্রযুক্তি ব্যবহারের ওপর গুরুত্বারোপ করে বলেন, নতুন প্রকৌশলীরা তাদের সৃষ্টিশীল চিন্তা ও প্রযুক্তির যথাযথ ব্যবহার করবে এবং ভিশন-২০২১-এর আলোকে ডিজিটাল বাংলাদেশ গড়তে সক্রিয় ভূমিকা পালন করবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক. ৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

২। **মংলা বন্দরের কর্মকাণ্ডে গতিশীলতা আনতে হবে : প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বন্দরগুলোকে লাভজনক করাসহ এগুলোর সার্বিক কর্মকাণ্ডে গতিশীলতা আনতে সমন্বিত উদ্যোগের আহ্বান জানিয়েছেন। রাষ্ট্রপতি গতকাল (৪ এপ্রিল বুধবার) দেশের দ্বিতীয় সমুদ্রবন্দর মংলার ৬৭তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে এ আহবান জানিয়ে বলেন, বিশ্বের অন্যান্য উন্নত সমুদ্রবন্দরের সঙ্গে প্রতিযোগিতায় টিকতে হলে বন্দরের কর্মকাণ্ডে গতিশীলতা আনতে হবে। এর কর্মকাণ্ড সহজতর ও সাশ্রয়ী করতে হবে। রাষ্ট্রপতি সংশ্লিষ্টদের দ্রুত মালামাল খালাস ও কার্গো হ্যাণ্ডেলিং সহজতর করার আহ্বান জানিয়ে বলেন, ব্যবহারকারীরা যাতে স্বাচ্ছন্দ্যে বন্দর ব্যবহার করতে পারে তা নিশ্চিত করতে হবে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৩)।

৩। **প্রত্যেক জেলায় এসএমই পরামর্শকেন্দ্র স্থাপন করা হবে : এসএমই মেলার উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তাঁর সরকার ক্ষুদ্র এবং মাঝারি শিল্পের বিকাশে দেশের সব জেলা-উপজেলায় এসএমই পরামর্শকেন্দ্র স্থাপন করবে, যেগুলো এসএমই শিল্পের প্রসারে উদ্যোক্তাদের জন্য ওয়ানস্টপ সার্ভিসের সেবা প্রদান করবে। উদ্যোক্তাগণ ব্যবসা স্থাপন থেকে শুরু করে ব্যবসা সম্প্রসারণ, ব্যবসায়িক ও কারিগরি প্রশিক্ষণ ও সহায়তা, পরামর্শক সেবা ইত্যাদি এ ওয়ানস্টপ সেন্টার থেকে গ্রহণ করতে পারবে বলেও তিনি উল্লেখ করেন। প্রধানমন্ত্রী বলেন, 'প্রতিটি বিভাগীয় শহরে প্রদর্শনী ও বিক্রয়কেন্দ্র স্থাপনের মাধ্যমে পণ্যের প্রদর্শনী ও বিক্রয়ের ব্যবস্থা করা হবে।' প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (৪ এপ্রিল বুধবার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে ৬ষ্ঠ জাতীয় এসএমই মেলা-২০১৮'র উদ্বোধনকালে প্রধান অতিথির ভাষণে এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক. ৪), **ইত্তেফাক** (পৃ. ১, ক. ৭), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৪। **এসএমই খাতে অবদান রাখায় প্রধানমন্ত্রীর কাছ থেকে পুরস্কার পেলেন ৫ উদ্যোক্তা**

এসএমই খাতে অবদান রাখায় জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার-২০১৮ পেয়েছেন ৫ জন উদ্যোক্তা। নারী ও পুরুষ ক্যাটাগরিতে বর্ষসেরা এ উদ্যোক্তাদের সম্মাননা প্রদান করা হয়। গতকাল (৪ এপ্রিল বুধবার) জাতীয় এসএমই মেলার উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৫ জন উদ্যোক্তাকে এক লাখ টাকা, ট্রফি ও সার্টিফিকেট প্রদান করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৬)।

৫। **দলকে শক্তিশালী করতে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে : মহিলা শ্রমিক লীগের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দলকে শক্তিশালী করতে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। মহিলা শ্রমিক লীগের **১৫**তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে গতকাল (৪ এপ্রিল বুধবার) গণভবনে এক আলোচনাসভায় তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রী সংগঠনকে আরো শক্তিশালী করার জন্য মহিলা শ্রমিক লীগের নেতাকর্মীদের একযোগে কাজ করার নির্দেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.২), **প্রথম আলো** (পৃ.২,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

**৬। রোহিঙ্গাদের আশ্রয় দিয়ে মানবতার উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছে বাংলাদেশ : স্পিকারের সাথে সাক্ষাৎকালে ইউএনএইচসিআর প্রতিনিধি**

জাতিসংঘের শরণার্থীবিষয়ক হাইকমিশনার (ইউএনএইচসিআর)-এর আঞ্চলিক প্রতিনিধি ও সমন্বয়ক জেমস লিনচ বলেছেন, বাংলাদেশের বর্তমান সরকার রোহিঙ্গাদের আশ্রয় দিয়ে মানবতার উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছে। গতকাল (৪ এপ্রিল বুধবার) জাতীয় সংসদ ভবনে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে সাক্ষাৎকালে তিনি এ মন্তব্য করেন। তিনি রোহিঙ্গা ইস্যুতে সবসময় বাংলাদেশের পাশে থেকে সহযোগিতা অব্যাহত রাখার আশ্বাসও দেন। সাক্ষাৎকালে তাঁরা রোহিঙ্গা ইস্যু বিশেষকরে রোহিঙ্গাদের শান্তিপূর্ণ প্রত্যাবর্তনের বিষয়ে আলোচনা করেন। স্পিকার বলেন, রোহিঙ্গা সমস্যা সমাধানে বাংলাদেশ অগ্রণী ভূমিকা পালন করছে। এ বিষয়ে মিয়ানমারের আন্তরিকতা প্রয়োজন। তিনি রোহিঙ্গাদের পূর্ণ নাগরিকত্ব ও নিরাপত্তা নিশ্চিত করে মিয়ানমারে প্রত্যাবর্তনে জনমত সৃষ্টির জন্য আন্তর্জাতিক সম্প্রদায়কে অনুরোধ জানান। এ সময় তিনি রোহিঙ্গাদের পাশে দাঁড়ানোর জন্য ইউএনএইচসিআরকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১),

**৭। মানসম্পন্ন ওষুধ উৎপাদনে সরকার কঠোর অবস্থানে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, ভেজালমুক্ত ও মানসম্পন্ন ওষুধ উৎপাদনের ক্ষেত্রে সরকার সবসময় কঠোর অবস্থানে রয়েছে। ভেজাল ও নিম্নমানের ওষুধের বিষয়ে কোনো ধরনের আপস করা হবে না। ওষুধের সঠিক মানের সঙ্গে মানুষের জীবন মরণের প্রশ্ন জড়িত। যারা ভেজাল ও নিম্নমানের ওষুধ সরবরাহ ও বিক্রি করে, তারা কোনোভাবেই ঐ ওষুধ খেয়ে কোনো রোগীর মৃত্যুর দায় এড়াতে পারে না। গতকাল (৪ এপ্রিল বুধবার) রাজধানীর নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে মডেল ফার্মেসি উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৩)।

**৮। চলতি অর্থবছরের প্রথম নয় মাসে তৈরিপোশাক রপ্তানি বেড়েছে ৯ শতাংশ**

তৈরিপোশাক খাতের মাধ্যমে দেশের রপ্তানি আয়ের প্রবৃদ্ধির ধারা অব্যাহত রয়েছে। চলতি অর্থবছরের প্রথম নয় মাসে (জুলাই-মার্চ) সার্বিক রপ্তানি আয় ৬ দশমিক ৩৩ শতাংশ বেড়েছে, আর তৈরিপোশাক রপ্তানি বেড়েছে ৯ শতাংশের বেশি। অর্থবছর শেষে তৈরিপোশাকের রপ্তানি প্রবৃদ্ধি ১০ শতাংশ ছাড়িয়ে যাবে বলে প্রত্যাশা করছেন রপ্তানিকারকরা। রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) এ তথ্য প্রকাশ করেছে। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৩) **প্রথম আলো** (পৃ.১৪,ক.১)।

**৯। বাংলাদেশ প্রাথমিক স্বাস্থ্যসেবায় দক্ষিণ-পূর্ব এশিয়ায় শীর্ষস্থানীয়দের মধ্যে অন্যতম : বিশ্ব স্বাস্থ্য সংস্থা**

প্রাথমিক স্বাস্থ্যসেবায় বাংলাদেশ দক্ষিণ-পূর্ব এশিয়ার শীর্ষস্থানীয় স্বাস্থ্যসেবা প্রদানকারী দেশগুলোর অন্যতম। বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) দক্ষিণ-পূর্ব এশিয়ার আঞ্চলিক পরিচালক ড. পুনম খেত্রপাল সিং গত সপ্তাহে চারদিনের সফরকালে এ কথা বলেন। তিনি বলেন, কমিউনিটি ক্লিনিক প্রাথমিক স্বাস্থ্যসেবা ব্যবস্থায় বাংলাদেশকে এ অবস্থানে নিয়ে গেছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪)।

**১০। নৌ-নিরাপত্তা সপ্তাহ শুরু আজ**

আজ (৫ এপ্রিল বৃহস্পতিবার) শুরু হচ্ছে নৌ-নিরাপত্তা সপ্তাহ। চলবে আগামী **১১** এপ্রিল পর্যন্ত। এ বছরের নৌ-নিরাপত্তা সপ্তাহের প্রতিপাদ্য বিষয় 'নৌশিল্পে লেগেছে আধুনিকতার ছোঁয়া, যাত্রা হবে নিরাপদ এটাই আমাদের চাওয়া'। এ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ. ৪,ক. ৫), **প্রথম আলো** (পৃ. ৩, ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ. ৩, ক.১), **নিউজ টুডে** (পৃ. ৩,ক. ৫)।

## সম্পাদকীয়

ক. **ইনকিলাব, যায়যায়দিন, ভোরের কাগজ :** দেশে অর্থনৈতিক প্রবৃদ্ধি লক্ষ্যমাত্রা অতিক্রম করবে বলে সরকারের পক্ষ থেকে জানানোয় স্বস্তি প্রকাশ করে অর্থনৈতিক প্রবৃদ্ধির এ ধারা টিকিয়ে রাখার ওপর গুরুত্বারোপ।

খ. **যায়যায়দিন :** সিটিং সার্ভিসের নামে বেশি ভাড়া আদায়কারী বাসগুলোর ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **সমকাল :** হালদা নদীতে সহনীয় মাত্রার চেয়ে ১৪ থেকে ২৮ গুণ বেশি অ্যামোনিয়া পাওয়া গেছে এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে হালদা রক্ষায় বিশেষজ্ঞ মহল থেকে যেসব সুপারিশ করা হয়েছে সেগুলো আমলে নেওয়ার সুপারিশ।

ঘ. **যুগান্তর, ইত্তেফাক :** রাজধানীতে দুই বাসের চাপায় তিতুমীর কলেজের ছাত্রের হাত দ্বিখণ্ডিত হওয়ার ঘটনাটি মর্মান্তিক উল্লেখ করে এ ঘটনার জন্য দায়ী বেপরোয়া চালকদের কঠোর শাস্তির পাশাপাশি সড়কে শৃঙ্খলা প্রতিষ্ঠা জরুরি বলে মন্তব্য।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার মধ্যে বাংলাদেশের কমিউনিটি ক্লিনিক প্রাইমারি হেলথ কেয়ার প্রোভাইডার হিসেবে সর্বোচ্চ অবস্থানে থাকার বিষয়ে বিশ্ব স্বাস্থ্য সংস্থার রিপোর্ট তুলে ধরে এ স্বাস্থ্যসেবা সম্প্রসারণে দেশের ধনী লোকদের এগিয়ে আসার আহ্বান।

চ. **ডেইলি সান :** পর্যটনখাতের অপার সম্ভাবনা কাজে লাগাতে পর্যটকদের নিরাপত্তা, উন্নতমানের পরিবেশবান্ধব হোটেল, দেশি ও আন্তর্জাতিক মানের স্বাস্থ্যসম্মত খাবার সরবরাহ ও গাইডদের প্রশিক্ষণের ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি স্টার :** রংপুরের বদরগঞ্জের ১৭৬টি প্রাথমিক বিদ্যালয়ের ৬৫টিতে প্রধান শিক্ষক না থাকার পরিপ্রেক্ষিতে অতিদ্রুত এসব স্কুলে প্রধান শিক্ষক নিয়োগের ব্যবস্থা করার সুপারিশ।

জ. **নিউ নেশন, নিউ এজ :** বগুড়া পাসপোর্ট অফিসের দায়িত্বপ্রাপ্ত অফিসার পাসপোর্ট পেতে দালালের হস্তক্ষেপ বন্ধ করে দেওয়ায় শারীরিকভাবে নির্যাতনের শিকার হওয়ার ঘটনায় জড়িতদের শাস্তি দেওয়াসহ দেশের সব পাসপোর্ট অফিসে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নিরাপত্তার ব্যবস্থা করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশে শিল্পায়ন বাড়লে কর্মসংস্থানের সুযোগও বাড়বে।

## নিবন্ধ ও ফিচার

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'নতুন প্রজন্মকে কৃষি কাজে আগ্রহী করতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, নতুন প্রজন্মকে কৃষি কাজে আগ্রহী করে তোলা গেলে দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ থাকবে ।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা